৬/৮/2007

দৈনিক জনকণ্ঠ

# ছাত্রদলের ধর্মঘটের কাছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জিম্মি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকা ধর্মঘটের কাছে জিম্মি হয়ে পড়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবার আগামী ৯ আগস্ট পর্যন্ত চার দিনের সকল পরীক্ষা স্থগিত করেছে। এই নিয়ে কর্তৃপক্ষ মোট ১১ দিনের প্রায় দেড় শতাধিক পরীক্ষা স্থগিত করেছে। গতকাল রবিবার সিন্ডিকেটের এক জরুরী সভায় বিশ্ববিদ্যালয়ের কলাভবন এবং কার্জন হল কেন্দ্রের চার দিনের সকল পরীক্ষা স্থগিত করা হয়। একটি ছাত্র সংগঠন কর্তৃক শিক্ষকদের অকথ্য ভাষায় গালিগালাজ করার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সাধারণ সভায়। ছাত্রদল আহূত লাগাতার ধর্মঘটের অষ্টম দিনে গতকাল ক্যাম্পাস পরিস্থিতি শান্ত ছিল। তবে যথারীতি কোন ক্লাস পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। ছাত্রদল, ছাত্রলীগ ধর্মঘটের পক্ষে-বিপক্ষে মিছিল-সমাবেশ করেছে।

উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় আগামী ৯ আগস্ট পর্যন্ত সকল

**ছাত্রদলের ধর্মঘটের** *(১২-এর পাতার পর)*

পরীক্ষা স্থগিত করেছে। স্থগিত পরীক্ষাসমূহের পরিবর্তিত তারিখ পরে জানানো হবে বলে জানা গেছে। সিন্ডিকেট আশা প্রকাশ করেছে– ছাত্র সংগঠনসমূহের সাথে আলাপ-আলোচনার ভিত্তিতে অচিরেই সমস্যার সমাধান হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বিভিন্ন ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনার পর জনকণ্ঠকে বলেন, আমার আত্মবিশ্বাস আছে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্ররাই সহিষ্ণুতা ও সহমর্মিতার রাজনৈতিক সংস্কৃতি গড়ে তুলবে। তিনি বলেন, মত ও পথের ভিন্নতা থাকতেই পারে, তাই বলে বিশ্ববিদ্যালয় পর্যায়ে এসে কোন কাদা ছোড়াছুড়ি থাকবে না–সেটিই প্রত্যাশিত। খুব শীঘ্রই ১০ থেকে ১২ আগস্টের মধ্যে বিশ্ববিদ্যালয়ের এই চলমান সঙ্কট নিরসন হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এফ রহমান হল কর্তৃপক্ষ তিন বহিরাগত যুবককে আটক করে পুলিশে সোপর্দ করেছে।